



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ : ২৮/০৯/২০১৮খ্রি:

## প্রকৃতি ও পরিবেশ আন্দোলনের অন্যতম দায়িত্ববান পথিকৃত হিসেবে ববি উপাচার্যের “ধরিত্রী বাংলাদেশ” জাতীয় সম্মাননা লাভ

সংস্কৃতি, বাংলা ভাষা, সাহিত্য, শিক্ষার বিকাশ, মানবতা, প্রকৃতি ও পরিবেশ রক্ষা, সচেতনতা সৃষ্টি, সংস্কৃতির উন্নয়ন দ্বারা উন্নত মানব জীবন এবং উন্নত স্বদেশ গঠনে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ “ধরিত্রী বাংলাদেশ” এর ‘পরিবেশ’ ক্যাটাগরিতে জাতীয় সম্মাননা ১৪২৪ বঙ্গব্দ অর্জন করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। অদ্য ২৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখ বিকাল ৪ ঘটিকায় বাংলাদেশ জাতীয় জাদুঘর এর কবি সুফিয়া কামাল হলে “ধরিত্রী বাংলাদেশ” আয়োজিত অনুষ্ঠানে উপাচার্য মহোদয়কে এ সম্মাননা প্রদান করা হয়। জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মাননা প্রদান অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ড. অজয় রায়, বিশ্ব শিক্ষক ফেডারেশনের সভাপতি অধ্যাপক মাহফুজা খানম, আশা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মণ, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি যাদুঘরের কিউরেটর এন আই খান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের এর প্রধান প্রকৌশলী দেওয়ান মোহাম্মদ হানজালা, ডাঃ এম মর্তুজা কামাল, “ধরিত্রী বাংলাদেশ” এর সম্পাদক হারুন-অর-রশিদ, পার্বত্য বান্দরবন জেলা পরিষদের চেয়ারম্যান ক্য শৈ হুা, ঢাকা সিটি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ শাহজাহান খান, গণমাধ্যম ব্যক্তিত্ব ও এটিএন বাংলার উপদেষ্টা (অনুষ্ঠান) নওয়াজীশ আলী খান, সংস্কৃতিজন সৈয়দ হাসান ইমাম, সংস্কৃতিজন আলী যাকের, দৈনিক জাগরণ এর সম্পাদক আবেদ খান, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সুধীজনসহ অন্যান্যরা। উল্লেখ্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ইতোপূর্বে বিভিন্ন ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ “বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস গোল্ড মেডেল”, “বাংলাদেশ ইউজিসি অ্যাওয়ার্ড-২০০৭”, “বঙ্গবন্ধু কৃষি পদক-২০০৮”, “বঙ্গবন্ধু স্বাধীনতা পদক-২০০৯”, “Education Peace Award-2018” তে ভূষিত হয়েছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস